**মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের মহিলা ভর্তির লক্ষ্যে প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটির কার্যবিবরণীঃ**

সভার তারিখ ঃ ২৯/০৩/২০২৩ খ্রি.
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
সভার সময় ঃ সকাল ১২.০০ টা
সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল আউয়াল
উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং,মুন্সীগঞ্জ।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনাঃ ১.**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য সচিব জানান যে, ২০২২ -- ২০২৩ অর্থ বছরে মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ৪র্থ ব্যাচে ১০ জন মহিলা ভর্তির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে গত ০১/০৩/২০২৩ খ্রি.। ব্যাপক প্রচার প্রচারণা করা হয়। এর পরিপ্রেক্ষিতে মোট ২৮ টি আবেদন পাওয়া যায়।

প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটির সদস্যদের নিকট আবেদন পত্র গুলো দেয়া হয়। কমিটির সদস্যবৃন্দ আবেদন পত্র যাচাই-বাছাই করেন এবং আবেদনকারী প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করেন। সাক্ষাৎকার গ্রহণ ও যাচাই-বাছাই শেষে ১০ জন প্রশিক্ষণার্থী চুড়ান্তভাবে নির্বাচন করা হয় (চুড়ান্ত তালিকা সংযুক্ত) এবং ৪ জন অপেক্ষামান নামের তালিকা রাখা হয়। চুড়ান্ত তালিকা হতে কেউ যদি পরপর ৩ দিন অঅনুমোদিত ভাবে অনুপস্থিত থাকে তাকে বাতিল বলে গন্য করা হবে। পরবর্তীতে শূন্য আসনে অপেক্ষামান তালিকা থেকে প্রশিক্ষণার্থী ভর্তি করতে হবে।

**সিদ্ধান্ত ঃ** চুড়ান্তভাবে নির্বাচিত ৪র্থ ব্যাচের মহিলাদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করতে হবে। আগামী ০১ এপ্রিল/২০২৩ সময়ের চুড়ান্ত তালিকা হতে কেউ যদি পরপর ৩ দিন অঅনুমোদিত ভাবে অনুপস্থিত থাকে তাকে বাতিল বলে গন্য করা হবে। পরবর্তীতে শূন্য আসনে অপেক্ষামান তালিকা থেকে প্রশিক্ষণার্থী ভর্তি করতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ট্রেড প্রশিক্ষক।

**আলোচনাঃ ২.** ৪র্থ ব্যাচে সেলাই কাজ, হাতের কাজ, নকসী কাঁথার কাজের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে। স্বাস্থ্যবিধি মেনে সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ৪.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** সেলাই কাজ, হাতের কাজ ও নকসী কাথাঁর কাজের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে।

**আলোচনাঃ ৩.** প্রশিক্ষণে আসন সংখ্যা সীমিত অথচ আগ্রহী নারীদের আবেদন বেশী এবং তারা সকলেই প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক। সাক্ষাৎকারে উপস্থিত যোগ্য প্রার্থী কেউ যদি যাতায়াত ভাতা ও সার্টিফিকেট বিহীন প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক থাকে তবে তাদেরকে প্রশিক্ষণ গ্রহণে সুযোগ দিলে আগ্রহী নারীগন উপকৃত হবে।

**সিদ্ধান্ত ঃ** সাক্ষাৎকারে উপস্থিত যোগ্য ও আগ্রহী প্রার্থীদের কে যাতায়াত ভাতা ও সার্টিফিকেট বিহীন সীমিত আসনে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ট্রেড প্রশিক্ষক।

সভায় সভাপতি মহোদয় আলোচনা করেন, প্রশিক্ষর্ণাথীদের শুধুমাত্র ট্রেডের উপর প্রশিক্ষণ নয় সামাজিক সমস্যা যেমন- বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন, মাদক, যৌন- হয়রানী, নারী ও শিশু পাচার রোধ ইত্যাদি বিষয়ে তাদের সচেতনতা বৃদ্ধির জন্য আলোচনা করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/৩/২৩.

(মোঃ আব্দুল আউয়াল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
“মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটি”
লৌহজং,মুন্সীগঞ্জ।